কালের কণ্ঠ

তারিখ 02 FEB 2016
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

# বইমেলা উপলক্ষে আসছেন লিথুয়ানিয়ার প্রধানমন্ত্রী

**কূটনৈতিক প্রতিবেদক ▷**

উত্তর ইউরোপের দেশ লিথুয়ানিয়ার প্রধানমন্ত্রী আলগিরডাস বাটকেভিসিয়াস তিন দিনের সফরে ১৬ ফেব্রুয়ারি ঢাকায় আসছেন। তিনি এবারের একুশে বইমেলায় লিথুয়ানিয়ার ইতিহাস নিয়ে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট প্রকাশিত একটি অনুবাদ গ্রন্থের মোড়ক উন্মোচন করবেন।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানিয়েছেন, বাংলা একাডেমি আয়োজিত অমর একুশে বইমেলা উপলক্ষে এবারই প্রথম কোনো বিদেশি প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় সফরে বাংলাদেশে আসছেন। লিথুয়ানিয়ার ইতিহাস নিয়ে বাংলায় অনূদিত গ্রন্থটির মোড়ক উন্মোচনের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁকে আমন্ত্রণ জানান। বাংলা ভাষা আন্দোলন উদ্‌যাপন ও মেলাকে ঘিরে একজন বিদেশি প্রধানমন্ত্রীর ঢাকা সফর বিশ্বে বাংলা ভাষাকে আরো পরিচিত করবে।

লিথুয়ানিয়ান ভাষার সঙ্গে বাংলার অনেক মিল আছে। দুটি ভাষার উৎপত্তি সংস্কৃত থেকে। এ সফরে বাংলাদেশ ও লিথুয়ানিয়ার প্রধানমন্ত্রী দুই দেশের সম্পর্ককে আরো এগিয়ে নেওয়ার বিষয়েও আলোচনা করবেন।

ইউরোপীয় ইউনিয়নের সদস্য লিথুয়ানিয়ার লোকসংখ্যা প্রায় ২৯ লাখ। ১৯৯০ সালে দেশটি স্বাধীন রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করে। এর পর পরই বাংলাদেশ লিথুয়ানিয়াকে স্বীকৃতি দেয়। বাংলাদেশের সঙ্গে দেশটির কূটনৈতিক সম্পর্ক স্থাপিত হয় ১৯৯২ সালে। বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের প্রতি লিথুয়ানিয়ার জনগণের সক্রিয় সমর্থন ছিল।